


যুগান্তর

প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপি

রাজশাহী শিক্ষা বোর্ড চেয়ারম্যানের বিরুদ্ধে বিস্তর অভিযোগ

প্রকাশ : ০৬ সেপ্টেম্বর ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 রাজশাহী ব্যুরো

রাজশাহী শিক্ষা বোর্ডের চেয়ারম্যান আবুল কালাম আজাদের বিরুদ্ধে দুর্নীতি, অনিয়ম ও দায়িত্বে অবহেলার নানা অভিযোগ উঠেছে। এসব অভিযোগ খতিয়ে দেখে তার বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার দাবি জানানো হয়েছে। একই সঙ্গে ঐতিহ্যবাহী এ শিক্ষা বোর্ডে যোগ্য, কর্মঠ ও শিক্ষক-শিক্ষার্থীবান্ধব চেয়ারম্যান নিয়োগেরও দাবি জানানো হয়েছে। বুধবার প্রধানমন্ত্রীর কাছে দেয়া স্মারকলিপিতে জননেতা আতাউর রহমান মুন্সী পরিষদ এ দাবি জানিয়েছে। বুধবার রাজশাহী জেলা প্রশাসকের কাছে স্মারকলিপিটি তুলে দেন পরিষদের সাধারণ সম্পাদক সাইদুর রহমানসহ সংগঠনের নেতারা।

স্মারকলিপিতে বলা হয়েছে, রাজশাহী শিক্ষা বোর্ডের চেয়ারম্যান আপাদমস্তক দুর্নীতিবাজ। মুক্তিযুদ্ধের বিপক্ষ শক্তির দোসর আজাদ ডেপুটেশনে প্রায় ৪ বছর ধরে রাজশাহী শিক্ষা বোর্ডের চেয়ারম্যানের দায়িত্বে রয়েছেন, যা নজীরবিহীন। বলা হয়েছে, শিক্ষাবন্ধব পরিবেশ নিশ্চিত যেখানে অধিকাংশ শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক ও অভিভাবক নিরলস কাজ করে যাচ্ছেন সেখানে চেয়ারম্যান বোর্ডকে জামায়াত-বিএনপির ঘাঁটি বানানোর চেষ্টায় লিপ্ত। উন্নয়নবিমুখ এ চেয়ারম্যানের কারণে শিক্ষা বোর্ড ভবনে একটি লিফট স্থাপনের উদ্যোগ তিনবার ভেঙে যায়। তিন দফাই টাকা ফেরত যায়। বহু শিক্ষককে তিনি অসম্মান-অমর্যাদা করেছেন। অফিস সময়ে ঘণ্টার পর ঘণ্টা ইজিচেয়ারে বসে সময় কাটে তার। এক মাসের মধ্যে ২৫ দিনই অফিসে অনুপস্থিত থাকেন তিনি। বেশিরভাগ সময় কাটে তার ঢাকা ও গ্রামের বাড়ি পিরোজপুরে।

তার বিরুদ্ধে সাড়ে ৪ কোটি টাকা লোপাটের অভিযোগ তদন্ত করছে দুর্নীতি দমন কমিশন। অজানা কারণে ওই তদন্তও থেমে আছে। স্মারকলিপিতে বলা হয়েছে, ১৫ দিন আগে এক সমাবেশ থেকে শিক্ষামন্ত্রীর কাছে তাকে অপসারণের জন্য ৭ দিনের আলটিমেটাম দেয়া হয়েছিল। তাতেও কোনো কাজ হয়নি। তার দুই ভাই, শাওড়ি ও ভায়রা জামায়াতের রাজনীতির সঙ্গে যুক্ত থাকার অভিযোগ করে স্মারকলিপিতে বলা হয়েছে, তার দুই ভাই দেলাওয়ার হোসেন সাঈদীর কুটর অনুসারী, শাওড়ি জামায়াতের রোকন, ভায়রা অ্যাডভোকেট এজাজ জয়পুরহাট বারের সদস্য ও জামায়াতের রোকন। শুধু তাই নয়, তিনি যুদ্ধাপরাধে ফাঁসি কার্যকর জামায়াত নেতা মতিউর রহমান নিজামীর ডিও লেটার নিয়ে খুলনা সুন্দরবন কলেজ থেকে রাজশাহী কলেজের মনোবিজ্ঞান বিভাগে বদলি হয়েছিলেন। এমন ব্যক্তির শিক্ষা বোর্ডের চেয়ারম্যানের দায়িত্ব পালন করার বিষয়টি সরকারের অবমূর্তির জন্যও ক্ষতিকর।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।